**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**বিশেষ তহবিল ব্যবস্থাপনা ইউনিট**
**কাশফিয়া প্লাজা**
**৩৫/সি, নয়াপল্টন (৪র্থ তলা), ঢাকা।**
Email: (dgm_sfmu@icb.gov.bd & agm_sfmu@icb.gov.bd)
Fax: 88-02-9563313

# মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর জ্ঞাতার্থে জরুরী বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য প্রণোদনা প্যাকেজ প্রণয়ন কমিটি কর্তৃক নির্ধারিত তালিকায় উল্লেখিত সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **"পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল"** নামে একটি তহবিল গঠন করা হয়েছে। আলোচ্য তহবিলের ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবির উপর ন্যস্ত করা হয়েছে। সরকার ঘোষিত প্রণোদনা স্কীম বাস্তবায়নের শর্তে উক্ত তহবিল হতে ঋণ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট সকল মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। সরকার ঘোষিত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে উক্ত ঋণ বিতরণ করা হবে। আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ ৩০ নভেম্বর ২০১৩।

সরকার কর্তৃক ঘোষিত উক্ত প্রণোদনা প্যাকেজ এর সুবিধা প্রাপ্তির জন্য পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্ব স্ব মার্চেন্ট ব্যাংক/স্টক ব্রোকারেজ হাউজের সাথে যোগাযোগের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ অথবা www.icb.gov.bd ভিজিট করা যেতে পারে।

**তারেক নিজাম উদ্দিন আহমেদ**
উপ-মহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭৫১৭০৩৩৪৪

## **'পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল'** পরিচালনার জন্য প্রণীত নীতিমালা

### (ক) সূচনাঃ

i. এ তহবিলের নাম হবে ''পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল''

ii. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ৫ মার্চ ২০১২ তারিখের ৭২ নং পত্রের অনুবৃত্তিক্রমে এ তহবিলের মেয়াদ ৩ বছর অর্থাৎ ডিসেম্বর/২০১৬ পর্যন্ত কার্যকর থাকবে;

iii. পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য সরকারের ঘোষিত প্রণোদনা স্কীম বাস্তবায়ন ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে এ অর্থ ব্যয় করা যাবে না;

iv. বাংলাদেশ ব্যাংক জুলাই/২০১৩ হতে সমান তিন কিস্তিতে [অর্থাৎ প্রতি কিস্তি ৩০০.০০(তিনশত) কোটি টাকা] ''পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল'' এর হিসাবে সমঝোতা স্মারকের আওতায় গঠিত 'তদারকি' কমিটির ছাড়পত্রের ভিত্তিতে অর্থ স্থানান্তর করবে।

v. এই তহবিলের সামগ্রিক তদারকি বাংলাদেশ ব্যাংক, বিএসইসি ও আইসিবি এর মধ্যে যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে, তার আলোকে গঠিত "তদারকি" কমিটির উপর ন্যস্ত থাকবে ।

### (খ) তহবিলের ব্যবস্থাপনাঃ

i. তহবিলের সামগ্রিক ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবি এর উপর ন্যস্ত থাকবে ।

ii. তহবিলের অর্থ ব্যয়ে আইসিবিকে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

iii. সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে শুধুমাত্র প্রণোদনা প্যাকেজ প্রণয়ন কমিটি কর্তৃক নির্ধারিত ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের মধ্যে ঋণ পুনঃতফসিলিকরণ অথবা নতুন ঋণ বিতরণ অথবা উভয় এর উদ্দেশ্যে মার্চেন্ট ব্যাংক ও স্টক ব্রোকারের মধ্যে আইসিবি তহবিল ঋণ হিসাবে বিতরণ করবে।

iv. নীতি নির্ধারণ ব্যতিত অন্যান্য অপারেশনাল কাজ আইসিবি সম্পাদন করবে ।

v. এই তহবিলের পক্ষে আইসিবি সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকারের সাথে মেয়াদী ঋণ চুক্তিপত্র স্বাক্ষর করতে পারবে ।

### (গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ

i. ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য প্রনোদনা প্যাকেজ প্রণয়ন কমিটি কর্তৃক নির্ধারিত তালিকায় উল্লেখিত সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকারসমূহ এই ঋণ পাবে ।

### (ঘ) ঋণের জন্য আবেদনের পদ্ধতিঃ

i. এই ঋণ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকার নিম্নোক্ত কাগজপত্রাদি/দলিলাদি জমা দিবেঃ

- Board Resolution সহ সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকারসমূহ আইসিবি এর নিকট ঋণ প্রাপ্তির জন্য আবেদন করবে । এক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ০৫ মার্চ ২০১২ইং তারিখের ৭২নং পত্রের নির্দেশনাবলী অনুসরন করতে হবে;
- মার্চেন্ট ব্যাংক, স্টক-ব্রোকার এবং সংশ্লিষ্ট ঋণদানকারী প্রতিষ্ঠান, প্রতিষ্ঠানের ক্ষতিগ্রস্ত হিসাবসমূহে এক বছরে (২০১১/২০১১-২০১২) অর্জিত সুদের ৫০% (শতকরা ৫০ ভাগ) মওকুফের প্রত্যয়নপত্র;
- মওকুফ অবশিষ্ট বাকী ৫০% (শতকরা ৫০ ভাগ) একটি সুদবিহীন ব্লক হিসাবে স্থানান্তরের প্রত্যয়নপত্র;
- মার্জিন হিসাবে ৩০/১২/২০১১ইং তারিখের ডেবিট ব্যালেন্স হতে মোট সুদ (মওকুফযোগ্য এবং প্রাপ্য) বাদ দেয়ার পর অবশিষ্ট অর্থ ভিন্ন হিসাবে স্থানান্তর করে (**সর্বোচ্চ ৯% সুদের হারে**) ৩ বছরে সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধের জন্য পুনঃতফসিলিকরনের প্রত্যয়নপত্র;
- প্রত্যয়ণ পত্রসমূহ সংশ্লিষ্ট কোম্পানীর Auditor দ্বারা সম্পন্ন করতে হবে ।
- ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের নতুন মার্জিন ঋণ প্রদান করা হলে ঋণের মঞ্জুরী পত্রের কপি আইসিবি -তে জমা দিতে হবে এবং
- এছাড়াও, আইসিবি কর্তৃক চাহিত অন্যান্য দলিলাদি/কাগজাদি সরবরাহ করতে হবে ।

(চলমান পাতা/০২)

মোঃ নাসির উদ্দিন আহমেদ
উপ-সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## (ঙ) ঋণ মঞ্জুরের পদ্ধতিঃ

i. ঋণ মঞ্জুরের জন্য আইসিবি কর্তৃক একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি ঋণের মঞ্জুরীপত্র অনুমোদন করবে।

ii. এই ঋণ মঞ্জুরী কমিটি, "তদারকি কমিটি" এর সাথে আলোচনা করে মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকারদের ঋণ প্রাপ্তির আবেদনের জন্য একটি cut off date নির্ধারণ করবে।

## (চ) ঋণের মেয়াদঃ

i. এই ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ তিন বছর।

## (ছ) ঋণের জামানতঃ

i. ঋণের জামানত হিসাবে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকার "কর্পোরেট গ্যারান্টি" প্রদান করবে।

ii. এই ঋণ ফেরৎ প্রদানে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকার ব্যর্থ হলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারের স্বার্থে, জরিমানা করতে পারবে।

iii. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়সীমার মধ্যে আইসিবি হতে গৃহীত ঋণ ফেরত প্রদানে ব্যর্থ হলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নিবন্ধন সনদ বাতিলের ক্ষমতাসহ অন্য যে কোন ব্যবস্থা গ্রহণের ক্ষমতা থাকবে।

iv. এছাড়াও, আইসিবি কর্তৃক চাহিদাকৃত অন্যান্য প্রয়োজনীয় কাগজাদি/তথ্যাদি মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকার সমূহকে সরবরাহ করতে হবে।

## (জ) ঋণ ছাড়করনের পদ্ধতিঃ

i. আইসিবি এর ঋণ মঞ্জুরী কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের পর উভয় পক্ষের মধ্যে সকল কাগজাদি/দলিলাদি স্বাক্ষর করতঃ বিধি মোতাবেক ঋণের অর্থ ছাড় করতে হবে।

## (ঝ) ঋণের সুদের হার এবং সার্ভিস চার্জঃ

i. "পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল" **৫% সরল সুদে (শতকরা পাঁচ ভাগ)** এ অর্থ পাবে।

ii. আইসিবি **৭% (শতকরা সাত ভাগ) [২%(শতকরা দুই ভাগ) সার্ভিস চার্জ রেখে]** সুদে মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকারগুলোকে তহবিল সরবরাহ করবে। মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকাররা **৯% (শতকরা নয় ভাগ)** সরল সুদে পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের ঋণ পুনঃতফসিল/নতুন ঋণ প্রদান করবে।

## (ঞ) ঋণের অর্থ ফেরৎ প্রদানের পদ্ধতিঃ

i. ঋণ মঞ্জুরীপত্রের নির্ধারিত শর্তানুযায়ী প্রতি তিন মাস পর পর সুদ আসলে আইসিবিকে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/ স্টক-ব্রোকার গৃহীত ঋণের অর্থ ফেরৎ প্রদান করবে।

ii. পরবর্তীতে আইসিবি ফেরৎ প্রাপ্ত ঋণের সুদসহ আদায়কৃত অর্থ "পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল" এ পুনরায় জমা দিবে।

## (ট) সুদের সর্বোচ্চ হারঃ

i. তহবিলের মেয়াদকালীন সময়ে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকার ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদেরকে পুনঃতফশীলকৃত ঋণের জন্য অথবা এই স্কীমের অধীনে নতুন ঋণ এর জন্য **সর্বোচ্চ ৯% (শতকরা নয় ভাগ)** এর অধিক সুদ চার্জ করতে পারবে না।

মোঃ নাসির উদ্দিন আহমেদ
উপ-সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(চলমান পাতা/০৩)

## (ঠ) হিসাব সংরক্ষণ ও সরবরাহঃ

i. এই স্কীমের অধীনে সকল ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীর হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকার এতদসংক্রান্ত তথ্যাদি আইসিবি/সমঝোতা স্মারকের আওতায় গঠিত তদারকি কমিটিকে প্রদান করতে বাধ্য থাকবে ।

## (ড) অন্যান্যঃ

i. ঋণ বিতরণের সার্বিক কার্যক্রমের উপর আইসিবি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবরে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করবে।

ii. ঋণ পুনঃতফসিল সুবিধা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান দাতা-গ্রাহক সম্পর্কের আলোকে কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করবে।

iii. সমঝোতা স্মারকের আওতায় গঠিত তদারকি কমিটি প্রতি তিন মাস অন্তর কমপক্ষে একটি সভায় মিলিত হবে।

iv তহবিল পরিচালনা এবং বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে কোন সমস্যা দেখা দিলে তদারকী কমিটির সুপারিশক্রমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় পলিসি গাইড লাইন ও পরামর্শ প্রদান করবে ।

v ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীরা সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক/স্টক-ব্রোকারের নিকট নতুন ঋণ গ্রহণ অথবা ঋণ পুনঃতফসিলিকরণের ইচ্ছা প্রকাশ করে আবেদন করবে।

vi ঋণ আদায়ে আইসিবি সর্বোচ্চ প্রচেষ্টা (Best Effort) অব্যাহত রাখবে। তবে এ তহবিল ব্যবস্থাপনায় কোন অবস্থাতেই আইসিবির ঋণ ঝুঁকি (Credit Risk) সৃষ্টি বা উদ্ভব হবে না।

মোঃ নাসির উদ্দিন আহমেদ
উপ-সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার